# আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪ : ৫৫

## আরবি মূল আয়াত:

فِى مَقعَدِ صِدقٍ عِندَ مَلِيكٍ مُّقتَدِرٍ ﴿٥٥﴾

## অনুবাদসমূহ:

যথাযোগ্য আসনে, সর্বশক্তিমান মহাঅধিপতির নিকটে। — আল-বায়ান

প্রকৃত সম্মান ও মর্যাদার স্থানে, সর্বময় কর্তৃত্বের অধিকারী (আল্লাহ)'র নিকটে। — তাইসিরুল

যোগ্য আসনে, সার্বভৌম ক্ষমতার অধিকারী আল্লাহর সান্নিধ্যে। — মুজিবুর রহমান

In a seat of honor near a Sovereign, Perfect in Ability. — Sahih International

### ৫৫. যথাযোগ্য আসনে, সর্বশক্তিমান মহাঅধিপতি (আল্লাহ্)র সান্নিধ্যে।

-

তাফসীরে জাকারিয়া

### (৫৫) যথাযোগ্য আসনে,[1] সার্বভৌমক্ষমতার অধিকারী সম্রাটের সান্নিধ্যে। [2]

[1] مَقْعَدِ صِدْقٍ সম্মানের আসন বা সত্যের আসন। যেখানে না কোন পাপের কথা হবে, আর না অশ্লীলতার। অর্থাৎ, জান্নাত।

[2] مَلِيْكٍ مُّقْتَدِرٍ মহাশক্তিধর সম্রাট। অর্থাৎ, তিনি সর্বপ্রকার ক্ষমতার মালিক। যা চান, তা-ই করতে পারেন। তাঁকে কেউ অপারগ ও ব্যর্থ করতে পারে না। عِنْدَ (সান্নিধ্যে) বলে ইঙ্গিত করা হয়েছে সেই উচ্চ স্থান, মর্যাদা ও সম্মানের প্রতি, যা ঈমানদারগণ আল্লাহর নিকট লাভ করবেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4901

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন